# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

**Office of the Additional Director General**
**(Planning, Design & Research)**
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৮৭ তারিখঃ ১৬/১১/২০২২ খ্রিঃ

**<u>দপ্তরাদেশ</u>**

**"Sonar Bangla Embankment Project Ltd.** কর্তৃক প্রেরিত **A Survival Project of Bangladesh: Tidal Wave Embankment Protection Project"** শীর্ষক প্রকল্প প্রস্তাবনার বিষয়ে বিস্তারিত ও পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনার লক্ষ্যে বহিঃসদস্যসহ বাপাউবো'র নিম্নউল্লেখিত কর্মকর্তাগণের সমন্বয়ে বর্ণিত কার্যপরিধি (ToR) অনুযায়ী যথাযথ যাচাই-বাছাই ও প্রস্তাবনা প্রদানকারী সংস্থার সাথে বৈঠক করার এবং বিস্তারিত মতামত ও তথ্য-উপাত্ত গ্রহণের নিমিত্ত একটি বিশেষ কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৮, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-৩, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৪, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) কমিটি প্রস্তাবনা প্রদানকারী সংস্থার সাথে বৈঠক করবেন এবং প্রস্তাবনা বিষয়ে বিস্তারিতভাবে অবগত হবেন;

খ) কমিটি Sonar Bangla Embankment Project Ltd. কর্তৃক দাখিলকৃত প্রস্তাবনাটি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা পূর্বক প্রস্তাবিত প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে বাপাউবো'র লক্ষ্য ও উদ্দেশ্যের মধ্যে কোন দ্বিত্বতা আছে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

গ) প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কি ধরণের ঝুঁকি রয়েছে এবং উক্ত ঝুঁকি প্রশমণে কি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে সে বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করবেন;

ঘ) প্রস্তাবিত প্রকল্পের অর্থের সংস্থানের বিষয়টি খতিয়ে দেখবেন এবং সে বিষয়ে কোন জটিলতা আছে কিনা উক্ত ব্যাপারে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঙ) প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে সামাজিক গ্রহণযোগ্যতার (Social Acceptance) বিষয়ে কোন প্রতিবন্ধকতা আছে কিনা সে বিষয়ে মতামত প্রদান করবেন;

চ) বিবিধ।

২। কমিটি উক্ত প্রকল্প প্রস্তাবনার বিষয়ে বিস্তারিত ও পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করতঃ তৎসম্বলিত সুস্পষ্ট মতামতসহ আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে একখানা পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।
আইডি নং-৬৬০৬০৬০০১
ফোন: ০২২২২২৩০০৪২

ডায়েরী নং
তারিখঃ
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-৩, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন/ পূর্ব রিজিয়ন/ পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
৪। অফিস কপি।